## ৪৭তম বিসিএস

তারিখঃ ১৯.০৯.২০২৫; সময়ঃ ১২০ মিনিট; পূর্ণমানঃ ২০০

**01. 'লুই ভণই গুরু পুছিঅ জান।' - এখানে 'ভণই' শব্দের অর্থ**

a) বলে b) ভাবে
c) চায় d) দেখে **ans. A**

**Solution:** লুই ভণই গুরু পুছিঅ জাণ' যার অর্থ হলো 'লুই বলেন, 'গুরুকে জিজ্ঞাসা করে জানো' **এখানে 'ভণই' শব্দের অর্থ** বলেন। চর্যাপদের ১নং পদ থেকে নেওয়া একটি পংক্তি। এই পংক্তিটি চর্যার একটি গুরুত্বপূর্ণ অংশ, যা আধ্যাত্মিক জ্ঞান অর্জনের জন্য গুরুর প্রয়োজনীয়তার কথা বলে।

**02. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের অংশ নয় কোনটি?**

a) নৌকা খণ্ড b) হার খণ্ড
c) রাধা খণ্ড d) প্রণয় খণ্ড **ans. D**

**Solution:** 'শ্রীকৃষ্ণকীর্তন' মধ্যযুগে রচিত বাংলা ভাষার প্রথম কাব্যগ্রন্থ। গ্রন্থটির লেখক হলেন বড়ু চণ্ডীদাস। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য ১৩ খণ্ডে রচিত। যেমনঃ জন্মখণ্ড, তাম্বুল খণ্ড, দানখণ্ড, নৌকাখণ্ড, ভারখণ্ড, ছত্রখণ্ড, বৃন্দাবন খণ্ড, কালীয়দমন খণ্ড, বস্ত্রহরণ খণ্ড/ যমুনা খণ্ড, হারখণ্ড, বাণখণ্ড, বংশীখণ্ড, রাধাবিরহ খণ্ড।

**03. বিবৃত স্বরধ্বনি বলতে বোঝায়-**

a) যে স্বরধ্বনি উচ্চারণে ঠোঁট বেশি খোলে
b) যে স্বরধ্বনি উচ্চারণে জিভ উচু হয়
c) যে স্বরধ্বনি অবিকৃতভাবে উচ্চারিত হয়
d) যে স্বরধ্বনি উচ্চারণে বিকৃতি ঘটে **ans. A**

**Solution:** যে স্বরধ্বনি উচ্চারণকালে মুখবিবর বিবৃত বা প্রসারিত হয় তাকে বিবৃত স্বরধ্বনি বলে। বিবৃত স্বরধ্বনি ২টি (অ, আ)।

**04. মানোয়েল দ্যা আসসুম্পসাঁও অভিধান প্রকাশের আগে কত বছর ধরে শব্দ সংগ্রহ করেন?**

a) ২-৩ বছর b) ৫-৭ বছর
c) ৯-১০ বছর d) ১৪-১৫ বছর **ans. C**

**Solution:** বাংলা ভাষার প্রথম ব্যাকরণ বাংলাদেশের গাজীপুর অঞ্চলে রচিত হয়। উল্লেখ্য, পর্তুগিজ পাদরি মানোএল দা আসসুম্পসাউ ২৮৭ বছর আগে ১৭৩৪ সালে এই ব্যাকরণ বই লেখা শুরু করেন। বইটি ছাপা হয় ১৭৪৩ সালে। আসসুম্পসাউয়ের বইয়ের অংশবিশেষ ১৯৩১ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশ করেন সুনীতিকুমার চট্টোপাধ্যায়। ২০১৮ সালে প্রকাশ করে বাংলাদেশে সাভারের গণবিশ্ববিদ্যালয়। উল্লেখ্য, গাজীপুরের কালীগঞ্জ উপজেলার নাগরী গ্রামে 'সাধু নিকোলাসের ধর্মপল্লি'তে বসেই বাংলা ভাষার ব্যাকরণ রচনা করেছেন আসসুম্পসাউ।www.prebd.com

**05. 'আলালের ঘরে দুলাল' প্রথমে কোন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়?**

a) বিবিধার্থ সংগ্রহ b) সংবাদ প্রভাকর
c) মাসিক পত্রিকা d) বঙ্গদর্শন **ans. C**

**Solution:** প্যারীচাঁদ মিত্রের 'আলালের ঘরে দুলাল' উপন্যাসটি তাঁর প্রতিষ্ঠিত 'মাসিক পত্রিকা'য় (১৮৫৪) ধারাবাহিকভাবে প্রকাশিত হয়ে ১৮৫৮ সালে গ্রন্থাকারে প্রকাশ পায়। পরবর্তীকালে হীরালাল মিত্র কৃত এর নাট্যরূপ বেঙ্গল থিয়েটারে মঞ্চস্থ হয় ১৮৭৫ সালের জানুয়ারি মাসে। উপন্যাসটির ইংরেজি অনুবাদের নাম হলো 'The Spoiled Child'.

**06. 'সকলের তরে সকলে আমরা/প্রত্যেকে আমরা পরের তরে। - কোন কবিতার অংশ?**

a) পরার্থে b) পাছে লোকে কিছু বলে
c) বড় কে d) সুখ **ans. A**

**Solution:** কবি কামিনী রায় রচিত 'পরার্থে' কবিতা হতে চরণ দুটি চয়ন করা হয়েছে।

**07. কাজী নজরুল ইসলামের কোন গ্রন্থটি বাজেয়াপ্ত হয়নি?**

a) অগ্নিবীনা b) বিষের বাঁশি
c) ভাঙার গান d) চন্দ্রবিন্দু **ans. A**

**Solution:** কাজী নজরুল ইসলামের 'বিষেয় বাঁশি, ভাঙার গান, যুগবাণী, প্রলয় শিখা ও চন্দ্রবিন্দু' এই ৫টি বই বাজেয়াপ্ত হয় ব্রিটিশ সরকার কর্তৃক। অগ্নিবীণা ব্রিটিশ সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়নি।

**08. জসীম উদ্‌দীনের 'কবর' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত?**

a) বালুচর b) রাখালী
c) মা যে জননী কান্দে d) ধানক্ষেত **ans. B**

**Solution:** 'কবর' কবিতাটি কবি জসীম উদ্‌দীনের প্রথম কাব্যগ্রন্থ "রাখালী" (১৯২৭) কাব্যগ্রন্থে অন্তর্গত রয়েছে। এ কবিতাটি প্রথম ছাপা হয় কল্লোল পত্রিকায়। তার ছাত্রাবস্থায় এই কবিতাটি কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ের পাঠ্য বইয়ে তালিকাভূক্ত হয়।

**09. গৌড়ী প্রাকৃত বলতে বোঝায়-**

a) গৌড় অঞ্চলের মুখের ভাষা
b) গৌড় সাহিত্যের স্বাভাবিক রীতি
c) গৌড় ভাষার লিখিত নমুনা
d) গৌড় ভাষার বিকৃত উচ্চারণ **ans. A**

**Solution:** গৌড়ী প্রাকৃত ছিল মধ্যভারতীয় এক প্রাকৃত ভাষা, যা মূলত গৌড় অঞ্চলে (বর্তমান বাংলার উত্তর ও পশ্চিমাঞ্চল, তথা প্রাচীন গৌড়) প্রচলিত ছিল।

| | |
|---|---|
| সময়কাল | আনুমানিক খ্রিস্টীয় ২০০ থেকে ৬৫০ অব্দে এই ভাষার ব্যবহার পাওয়া যায়। |
| বৈশিষ্ট্য | এটা ছিল মুখের ভাষা, লিখিত বা সাহিত্যিক রূপে তেমন প্রতিষ্ঠিত ছিল না। পরে এর থেকেই গৌড়ী অপভ্রংশ সৃষ্টি হয়, আর সেখান থেকেই ধীরে ধীরে বাংলা ভাষার জন্ম। |
| অনেক ভাষাবিদ মনে করেন, বাংলা ও কামরূপী উপভাষার মূল উৎস ছিল এই গৌড়ী প্রাকৃত। | |

**10. 'Glossary' শব্দের বাংলা পরিভাষা-**

a) জ্ঞাপনপত্র b) সর্বসাকল্যে
c) শব্দার্থপঞ্জি d) গুদামজাত **ans. C**

Recent Publication

**Solution:** glossary (গ্লসারি) অর্থ: টীকাসূচী, ব্যাখ্যানিবন্ধ, শব্দার্থ তালিকা কোনো বই, প্রবন্ধ বা লেখায় ব্যবহৃত বিশেষ শব্দগুলোর অর্থ বা ব্যাখ্যা যেভাবে একত্রে দেওয়া হয়, সেই সংকলিত তালিকাকেই glossary

**11. 'ঐক্যমত্য' শব্দটি কোন বিবেচনায় অশুদ্ধ নয়?**

a) মতের ঐক্য - এভাবে সমাসসাধিত করলে
b) একমত + য - এভাবে প্রত্যয়সাধিত করলে
c) ঐক্য + মত্ এভাবে উপসর্গসাধিত করলে
d) ঐক্যমত শব্দটিকে পারিভাষিক শব্দ ধরলে **ans. A**

**12. ১৯৩৬ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বানান সংস্কারের মূল উদ্দেশ্য ছিল-**

a) বানানকে উচ্চারণের কাছাকাছি নেওয়া
b) বানানের ঐতিহ্যকে বজায় রাখা
c) বানানের নিয়ম প্রণয়ন করা
d) বানানে বিকল্প বর্জন করা **ans. C**

**Solution:** বাংলা বানানের নিয়ম বেঁধে দেয়ার প্রথম দায়িত্ব পালন করে কলকাতা বিশ্ববিদ্যালয়। ১৯৩৫ সালে গঠিত বাংলা বানান সংস্কার কমিটির প্রতিবেদন ১৯৩৬ সালে প্রকাশিত হয় বাংলা শব্দের বানানের নিয়ম। পরবর্তীকালে বাংলা বানানকে শৃঙ্খলাবদ্ধ করতে আরো কয়েকটি বিশ্ববিদ্যালয় উদ্যোগী হয়েছে। আমাদের দেশে বাংলাদেশ টেক্সট বুক বোর্ড, বাংলা একাডেমি বানানরীতি তৈরি করেছে। টেক্সট বুক বোর্ড ও বাংলা একাডেমির বানানরীতি এক হয়েছে। এখন সর্বত্র বাংলা একাডেমির বানানরীতি মানা হচ্ছে।

**13. অভিধানে ং, ঃ, ँ - এই বর্ণগুলোর অবস্থান কোথায়?**

a) এদের নির্দিষ্ট অবস্থান নেই b) স্বরবর্ণের শেষে
c) ব্যঞ্জনবর্ণের শেষে d) স্বরবর্ণের আগে **ans. B**

**Solution:** 'ং, ঃ ँ' এই তিনটি বর্ণ স্বাধীনভাবে স্বতন্ত্র বর্ণ হিসেবে ভাষায় ব্যবহৃত হয় না। এই বর্ণে দ্যোতিত ধ্বনি অন্য ধ্বনির সঙ্গে মিলিত হয়ে একত্রে উচ্চারিত হয়। তাই এ বর্ণগুলোকে বলা হয় পরাশ্রয়ী বর্ণ।

**14. পূর্ববঙ্গীয় উচ্চারণে 'স্মরণ' শব্দের ক্ষেত্রে কোনটি ঘটে?**

a) স-এর উচ্চারণ শ হয়ে যায়
b) ণ-এর উচ্চারণ ন হয়ে যায়
c) ম-ফলার উচ্চারণ 'ম' হয়ে যায়
d) শুরুতে নাসিক্য উচ্চারণ হয় না **ans. D**

**15. 'গড্ডলিকা প্রবাহ' বাগধারার 'গড্ডল শব্দের অর্থ কী?**

a) নদী b) স্রোত
c) ভেড়া d) মশা **ans. C**

**Solution:** সংস্কৃতে গড্ডল অর্থ ভেড়া। তাই ভেড়ার মতো বোধহীনভাবে অন্যের সাথে মিশে যাওয়া অর্থে গড্ডলিকা প্রবাহ।

**16. 'এমন পিরিতি কভু নাহি দেখি শুনি/ পরানে পরান বান্ধা আপনা আপনি।' - কার লেখা?**

a) বিদ্যাপতি b) চণ্ডীদাস
c) জ্ঞানদাস d) গোবিন্দদাস **ans. B**

**Solution:** চণ্ডীদাসের কিছু বিখ্যাত উক্তিঃ

| | |
|---|---|
| শুনহ মানুষ ভাই, সবার উপরে মানুষ বড়, তাহার উপরে নাই। | এমন পিরীতি কভু দেখি নাই শুনি পরানে পরান বান্ধা আপনা আপনি। |
| এ ঘোরে রজনী মেঘের ঘটা। কেমনে আইল বাটে। আঙ্গিনার মাঝে বঁধুয়া ভিজিছে দেখিয়া পরান ফাটে। | ঘরের বাহিরে দণ্ডে শতবার তিলে তিলে আইসে যায়। |

**17. ফোর্ট উইলিয়াম কলেজ পর্বে রচিত বাংলা বইগুলো-**

a) সংস্কৃত বইয়ের অনুবাদ
b) ফারসি বইয়ের অনুবাদ
c) ইংরেজি বইয়ের অনুবাদ
d) পণ্ডিতদের রচিত মৌলিক গ্রন্থ **ans. D**

**Solution:** ফোর্ট উইলিয়াম কলেজের পণ্ডিতদের রচনাবলিগুলো হলোঃ

| রচয়িতা | সাহিত্যকর্ম |
|---|---|
| চণ্ডীচরণ মুন্সী | তোতা ইতিহাস |
| মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার | বত্রিশ সিংহাসন, হিতোপদেশ, রাজাবলী, বেদান্তচন্দ্রিকা, প্রবোধচন্দ্রিকা। |
| তারিণীচরণ মিত্র | ওরিয়েন্টাল ফেবুলিস্ট |
| রাজীবলোচন মুখোপাধ্যায় | মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রং |
| গোলকনাথ শর্মা | হিতোপদেশ |
| হরপ্রসাদ রায় | পুরুষ পরীক্ষা |

**18. সাহিত্যের রূপ ও রীতির বিচারে কোন গ্রন্থটি ব্যতিক্রম?**

a) বাংলা কাব্য b) দিবারাত্রির কাব্য
c) শেষের কবিতা d) নদী ও নারী **ans. A**

**19. 'বিরাট গরু-ছাগলের হাট' ব্যানারে লেখা এই শিরোনামকে অপপ্রয়োগ বলা যায় না কেন? www.prebd.com**

a) বিরাট শব্দটি হাটকে বিশেষিত করছে?
b) বিরাট শব্দটি গরু-ছাগলকে বিশেষিত করছে
c) বিশেষণের অবস্থান যে- কোনো জায়গায় হতে পারে
d) বহুল ব্যবহারে প্রয়োগ-অশুদ্ধতা হারিয়েছে **ans. A**

**20. 'অজর' শব্দের বিপরীত কোনটি?**

a) অমলিন b) বার্ধক্য
c) অমর d) ব্যাধিগ্রস্ত **ans. D**

**21. 'ব্যাং' শব্দটি ং দিয়ে লিখতে হবে, কারণ-**

a) ঙ-বরন হসন্ত উচ্চারণ ং হবে
b) ্যা-এর পর ং হয়
c) ং বাংলা ভাষার নিজস্ব বর্ণ
d) ব্যাং একটি একাক্ষর শব্দ **ans. A**

**22. ' সে কৌতুক করার কৌতুহল সংবরণ করতে পারল না। - এই বাক্য কি কারণে ত্রুটিপূর্ণ?**

a) বানান ভুল আছে
b) বাক্যের পদবিন্যাস যথাযথ নয়
c) অর্থ অনুযায়ী শব্দের প্রয়োগ হয়নি
d) বিশেষ্য-বিশেষণের অপপ্রয়োগ ঘটেছে **ans. C**

**23. 'নিত্য তোমার যে ফুল ফোটে ফুলবনে'- এখানে 'নিত্য' শব্দের প্রতিশব্দ কোনটি?**

a) অতিশয় b) চিরন্তন
c) প্রকৃতি d) অহরহ **ans. D**



Recent Publication

**24.** **বাক্যের মধ্যে শব্দ অবস্থান করে কীভাবে?**

a) কর্তা ও ক্রিয়ার পদবিন্যাস অনুযায়ী
b) অর্থ ও ভাব অনুযায়ী
c) বর্গ বা গুচ্ছ আকারে
d) স্বাধীন পদের পরিচয় নিয়ে **ans. A**

**25.** **বাংলা একাডেমি'র 'আধুনিক বাংলা অভিধানে'র সম্পাদক কে?**

a) আনিসুজ্জামান b) আবু ইসহাক
c) মনসুর মুসা d) জামিল চৌধুরী **ans. D**

**Solution:** বাংলা একাডেমি'র 'আধুনিক বাংলা অভিধানে'র সম্পাদক ছিলেন জামিল চৌধুরী। উল্লেখ্য,

| বাংলা অভিধান | |
|---|---|
| অভিধান | সম্পাদক |
| বাংলা সাহিত্যের / ভাষার প্রথম ব্যাকরণ (বাঙলা পর্তুগিজ অভিধান ১৭৪৩ খ্রীঃ) | পাদ্রি মানোএল দা আসসুম্পসাঁও |
| Vocabulary (বাংলা-ইংরেজী শব্দকোষ) | ফরস্টার |
| বাংলা ভাষার অভিধান (১৮১৫ খ্রীঃ) | উইলিয়াম কেরী |
| শব্দমঞ্জুরী (বাঙ্গালা অভিধান) | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর |
| বঙ্গীয় শব্দকোষ | হরিচরণ বন্দ্যোপাধ্যায় |
| প্রথম বাংলা থিসরাস বা সমার্থক শব্দ অভিধান | অশোক মুখোপাধ্যায় |
| বাংলা একাডেমি থেকে প্রকাশিত | |
| বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান | ড. মুহম্মদ শহীদুল্লাহ |
| বাংলা একাডেমি সংক্ষিপ্ত বাংলা অভিধান | আহমদ শরীফ |
| বাংলা একাডেমি ইংরেজি বাংলা অভিধান | জিল্লুর রহমান সিদ্দিকী |
| প্রমিত বাংলা বানান অভিধান | জামিল চৌধুরী |
| সমকালীন বাংলা ভাষার অভিধান | আবু ইসহাক |
| ঐতিহাসিক অভিধান | মনজুরুর রহমান |

**26.** **কোন মঙ্গলকাব্যে ঐতিহাসিক চরিত্র আছে?**

a) মনসামঙ্গল b) চণ্ডীমঙ্গল
c) অন্নদামঙ্গল d) ধর্মমঙ্গল **ans. C**

**27.** **কোন কাব্যে আলাওল ব্যক্তিগত জীবনের কথা লিখেছেন?**

a) পদ্মাবতী b) হপ্তপয়কর
c) সিকান্দরনামা d) তোহফা **ans. A**

**28.** **'তুরস্ক-ভ্রমণ' কার লেখা?** www.prebd.com

a) ইসমাইল হোসেন সিরাজী
b) সৈয়দ মুজতবা আলী
c) আবু জাফর শামসুদ্দীন
d) শামসুদ্দীন আবুল কালাম **ans. A**

**Solution:** ইসমাইল হোসেন সিরাজী ছিলেন উনবিংশ- বিংশ শতকের শুরুর দিকের একজন বিশিষ্ট মুসলিম সাহিত্যিক ও জাতীয়তাবাদী চিন্তাবিদ। ১৯১২ সালের বলকান যুদ্ধে তিনি ভারতীয় চিকিৎসক দলের সাথে তুরস্ক সফর করেন। এই সফরের অভিজ্ঞতা নিয়েই তিনি লিখেছিলেন ভ্রমণগ্রন্থ "তুরস্ক-ভ্রমণ" (১৯১০)। এতে তিনি মুসলিম বিশ্বের সংকট, তুর্কি সমাজ-সংস্কৃতি, যুদ্ধ পরিস্থিতি এবং মুসলিম জাগরণের বিষয়গুলো বিস্তারিতভাবে তুলে ধরেন।

**29.** **সৈয়দ ওয়ালীউল্লাহ 'চাঁদের অমাবস্যা' উপন্যাসে কোন জীবনদর্শনের রূপায়ণ ঘটেছে?**

a) মার্কসবাদ b) বাস্তববাদ
c) অস্তিত্ববাদ d) পরাবাস্তবদবাদ **ans. C**

**Solution:** সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র 'চাঁদের অমাবস্যা' একটি মনস্তাত্ত্বিক উপন্যাস, যা ১৯৬৪ সালে প্রকাশিত হয়। এটি তাঁর দ্বিতীয় উপন্যাস এবং 'লালসালু' উপন্যাসের ১৪ বছর পর প্রকাশিত হয়। এই উপন্যাসে গ্রামীণ জীবনের অসঙ্গতি, অস্তিত্বের সংকট, মনস্তাত্ত্বিক দ্বন্দ্ব এবং পরাবাস্তবতা তুলে ধরা হয়েছে, যেখানে 'আরেফ আলী' নামের এক যুবক শিক্ষক সত্য উন্মোচনের চেষ্টা করেন।

**30.** **'প্রভাতফেরির মিছিল যাবে/ ছড়াও ফুলের বন্যা, / বিষাদগীতি গাইছে পথে/ তিতুমীরের কন্যা।' - কার লেখা?**

a) শামসুর রাহমান
b) আল মাহ্‌মুদ
c) আহসান হাবীব
d) আবদুল গাফফার চৌধুরী **ans. B**

**Solution:** "প্রভাতফেরির মিছিল যাবে/ ছড়াও ফুলের বন্যা, বিষাদগীতি গাইছে পথে/ তিতুমীরের কন্যা।" এগুলো আল মাহমুদ-এর লেখা "একুশের কবিতা" থেকে নেওয়া। কবিতাটি ভাষা আন্দোলনের স্মৃতিকে কেন্দ্র করে রচিত। এখানে প্রভাতফেরি, ফুলের বন্যা, বিষাদগীতি–সবকিছুই ২১ ফেব্রুয়ারির শহীদদের স্মরণে প্রতীক হয়ে এসেছে। আল মাহমুদ একদিকে ভাষাশহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন, অন্যদিকে "তিতুমীরের কন্যা" প্রতীকের মাধ্যমে সংগ্রামী চেতনা ও জাতির আত্মত্যাগী উত্তরসূরিদের কথা স্মরণ করিয়েছেন।

**31.** **'হরফের ছড়া' কার লেখা বর্ণশিক্ষার বই?**

a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) ফররুখ আহমেদ d) বন্দে আলী মিয়া **ans. C**

**Solution:** হরফের ছড়া' একটি বর্ণশিক্ষার বই, যার রচয়িতা ফররুখ আহমদ। উল্লেখ্য,

| | |
|---|---|
| ধরন | শিশুতোষ ছড়ার বই |
| বিষয়বস্তু | বর্ণমালা ও অক্ষর শেখানোকে সহজ ও আনন্দময় করার জন্য ছড়া আকারে রচিত। |
| গুরুত্ব | ফররুখ আহমদ মূলত ধর্মীয় ও জাতীয়তাবাদী কবিতার জন্য বিখ্যাত হলেও শিশুদের জন্যও তিনি একাধিক বই লিখেছেন। 'হরফের ছড়া' তার মধ্যে অন্যতম, যা শিশুদের প্রথম অক্ষরজ্ঞানকে সহজ, ছন্দময় আর আকর্ষণীয় করে তোলে। |

**32.** **'রক্তকরবী' নাটকের অন্তর্গত বিষয় কী?**

a) নতুনের জয়গান গাওয়া
b) সামন্তবাদের বিলুপ্তি দেখানো
c) শ্রমিকদের অপ্রাপ্তি তুলে ধরা
d) পুঁজিবাদের নেতিবাচক প্রভাব দেখানো **ans. D**

**Solution:** 'রক্তকরবী' (১৯২৬) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি সাংকেতিক নাটক। ১৩৩০ বঙ্গাব্দের আশ্বিন সংখ্যা 'প্রবাসী'তে প্রকাশিত হয়। রবীন্দ্রনাথ ঠাকুরের উল্লেখযোগ্য নাটকগুলো হলোঃ বিসর্জন (১৮৯১), রাজা (১৯১০), ডাকঘর (১৯১২), অচলায়তন (১৯১২), চিরকুমার সভা (১৯২৬), তাসের দেশ (১৯৩৩) ইত্যাদি।

**33.** **মীর মোশাররফ হোসেন সম্পর্কে কোন তথ্যটি যথার্থ নয়?**

a) তিন খণ্ডে 'বিষাদ সিন্ধু' রচনা করেন
b) নিজের জীবনী রচনা করেন
c) জমিদারি দেখাশোনা করেছেন
d) বিবি কুলসুম তার প্রথম স্ত্রী **ans. D**

**Solution:** মীর মশাররফ হোসেন মাত্র আঠারো বছরে বয়সে তার পিতৃবন্ধুর কন্যা আজিজুন্নেসার সাথে বিয়ে হয়। মীর মশাররফ হোসেনের প্রথম বিবাহ সুখের হয়নি। এর আট বছর পর তিনি সাঁওতা গ্রামের এক বিধবার কন্যা, কালি ওরফে কুলসুম বিবিকে বিবাহ করেন। এই বিবাহের কারণে তাঁর প্রথম স্ত্রীর সাথে মনোমালিন্য আরও তীব্র হয়।

***34.*** **জীবনানন্দ দাশের মৃত্যুর পর কোন কাব্যগ্রন্থটি প্রকাশিত হয়?**
a) ঝরা পালক  b) রূপসী বাংলা
c) সাতটি তারার তিমির  d) বনলতা সেন  ***ans.* B**

**Solution:** জীবনানন্দ দাশের মৃত্যুর পর 'রূপসী বাংলা' কাব্যের পূর্ণাঙ্গ পাণ্ডুলিপি আবিষ্কৃত হয় এবং ১৯৫৭ সালে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

***35.*** **'তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন? - কোন উপন্যাসে আছে?**
a) বঙ্কিমচন্দ্রের 'কপালকুণ্ডলা'
b) রবীন্দ্রনাথের 'গোরা'
c) শরৎচন্দ্রের 'চরিত্রহীন
d) বিভূতিভূষণের 'আরণ্যক'  ***ans.* A**

**Solution:** 'কপাল কুণ্ডলা' বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের (১৮৩৮-১৮৯৪) দ্বিতীয় উপন্যাস। এটি ১৮৬৬ সালে রচিত হয়। 'পথিক তুমি পথ হারাইয়াছ' -কপালকুন্ডলার এই সংলাপকে বলা হয় বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক সংলাপ। এই উপন্যাসের আর একটি উল্লেখযোগ্য সংলাপ হল- "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?" 'কপালকুন্ডলা' তে নিগূঢ় ভাবসঙ্গতির বর্ণনা রয়েছে বিধায় একে রোমাঞ্চমূলক বলা হয়। অনেকের মতে, এটি বঙ্কিমচন্দ্রের শ্রেষ্ঠ উপন্যাস। বঙ্কিমচন্দ্রের জীবন কালেই এই উপন্যাসের ৮টি সংস্করণ হয়। এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র হলোঃ কপাল কুণ্ডলা, নবকুমার, কাপালিক ইত্যাদি।
উল্লেখ্য গিরিশচন্দ্র ঘোষ এই উপন্যাসের একটি নাট্যরূপ দেন এবং দামোদর মুখোপাধ্যায় এই উপন্যাসের একটি উপসংহার উপন্যাস রচনা করেন এবং নামকরণ করেন 'মৃন্ময়ী'।

***36.*** **A speech made without any previous thought, preparation or practice is called a/an-**
a) rousing speech  b) extempore speech
c) maiden speech  d) free speech  ***ans.* B**

***37.*** **Which one has the identical singular and plural form?**
a) Memorandum  b) Stimulus
c) Dice  d) Oasis  ***ans.* C**

***38.*** **Select the sentence in which 'fast' is adverb:**
a) Don't drive so fast!
b) Technology is expanding at fast pace.
c) Usashi went on a 24-hour fast to detox
d) Muslims fast during Ramadan.  ***ans.* A**

***39.*** **'It was a cowardly attack on a defenseless man.' Here 'cowardly' is/an ___.**
a) adverb  b) adjective
c) noun  d) conjunction  ***ans.* B**

***40.*** **'The river flows past the village' Here 'past' is a/an-**
a) noun  b) verb
c) adverb  d) preposition  ***ans.* D**

***41.*** **'Ihana sleeps only four hours a night.' In this sentence the verb 'sleeps' is-**
a) causative  b) intransitive
c) transitive  d) factitive  ***ans.* B**

***42.*** **'He started teaching Hamlet.' Here 'teaching' is a/an-**
a) Participle  b) Infinitive
c) Verbal noun  d) Gerund  ***ans.* D**

***43.*** **Fill in the blank with the appropriate preposition: 'She was married ____ rich man'.** www.prebd.com
a) with  b) to
c) of  d) off  ***ans.* B**

***44.*** **Which gender is the word 'sibling'?**
a) Masculine  b) Feminine
c) Neuter  d) Common  ***ans.* D**

***45.*** **Find out the correctly spelt word:**
a) Reminiscence  b) Reminescence
c) Remeniscene  d) Renunicence ***ans.* A**

***46.*** **The idiom 'Smell a rat' means to ___.**
a) detect bad smell
b) be in a bad mood
c) suspect something wrong
d) see hidden meaning  ***ans.* C**

***47.*** **Select the synonym for 'inclement'.**
a) affable  b) mild
c) rough  d) genial  ***ans.* C**

***48.*** **Tell me frankly why you did this. The underlined part is a/ an__**
a) adjective clause  b) adverbial phrase
c) adverbial clause  d) noun clause ***ans.* D**

***49.*** **The prefix 'non' can be added to ____**
a) office  b) regular
c) partisan  d) obey  ***ans.* C**

***50.*** **Identify the correct passive form: 'I heard her sing.'**
a) She was heard sing by me.
b) She was heard to be sung by me.
c) She was heard sung by me.
d) She was heard to sing by me.  ***ans.* D**

Recent Publication

**51. Which sentence is correct?**
a) One of my sisters are a nurse.
b) One of my sister is a nurse.
c) One of my sisters is a nurse.
d) One of my sister's are a nurse **ans. C**

**Solution:** আমার অনেক বোনের মধ্যে Specific একজনকে বুঝাতে 'One of my sisters' Phrase এর ব্যবহার ঠিক আছে।
বাক্যের অর্থঃ আমার বোন একজন নার্স।

**52. Select the right determiner: 'She works as ____ FBI analyst.'**
a) a
b) an
c) the
d) none **ans. B**

**53. 'We met Medha carrying a bouquet of red roses.' Here 'carrying' is a/an ______.**
a) gerund
b) infinitive
c) verbal noun
d) participle **ans. D**

**Solution:** এখানে "carrying" হলো একটি Present Participle কারণ, এটি verb থেকে তৈরি হয় Adjective এর কাজ করছে। অর্থাৎ, এটি এখানে "girl" – Noun টিকে modify করছে এবং এর অবস্থা বর্ণনা করছে। Present Participle টি যদি Transitive verb থেকে উৎপন্ন হয় তখন এটি object গ্রহণ করে। যেমন: এটি এখানে 'a basket of flowers' এই noun phrase টিকে object হিসেবে নিয়েছে।
verb এর সাথে ing যোগ হয়ে যদি adjective এর কাজ করে অর্থাৎ, একই সাথে verb ও adjective এর কাজ করে, তখন তাকে present participle বলে। সহজ ভাষায় present participle হলো verb + ing = adjective = verb + adjective এর কাজ করে।

**54. 'Five years have passed since his father died'. Identify the correct simple form of the sentence from the following options:**
a) His father has died five years ago.
b) His father died five years ago.
c) His father has died for five years.
d) His father died since five years. **ans. B**

**55. Choose the antonym of 'controversy':**
a) Contention
b) Bickering
c) Unanimity
d) Dispute **ans. C**

**Solution:** Controversy অর্থ বিতর্ক; মতবিরোধ। আর এর Antonym হলো Unanimity (সর্বসম্মতি; ঐকমত্য; মতৈক্য; অবিসম্বাদ)। উল্লেখ্য,

| Contention | Bickering | Dispute |
|---|---|---|
| তর্ক; যুক্তিপ্রদর্শন; কলহ | খুঁটিনাটি বিষয় নিয়ে ঝগড়া করা | ঝগড়া করা; তর্ক করা |

**56. 'For God's sake hold your tongue, and let me love.' This line is taken from the poem ____.**
a) To His Coy Mistress
b) The Canonization
c) The Definition of Love
d) The Sun Rising **ans. B**

**Solution:** John Donne এর The Canonization কবিতার প্রথম লাইন এটি। তবে রবীন্দ্রনাথ ঠাকুরের 'শেষের কবিতা' উপন্যাসে তিনি অমিতের ভাষায় বলেছেন "দোহাই তোদের, একটুকু চুপ কর। ভালোবাসিবারে দে আমারে দে অবসর"। মূলত তিনি John Donne এর কবিতা থেকে "For God's sake, hold your tongue and let me love" এই উক্তিটি দ্বারা প্রভাবিত হয়েই 'শেষের কবিতা' উপন্যাসে উপরিউল্লিখিত উক্তিটি করেছেন।

**57. The one-act play 'Riders to the Sea' was written by ____.** www.prebd.com
a) G. B. Shaw
b) John Galsworthy
c) J. M. Synge
d) Oscar Wilde **ans. C**

**Solution:** 'Riders to the sea' হলো John Millington Synge এর 'a one-act play (Tragedy) তাই সঠিক উত্তর হবে অপশন *c*). তার অন্য Play গুলো হলোঃ 'The playboy of the western world' এছাড়া In the shadow of the Glen (one-act-play), The well of the saints (a-three-act-play).

**58. 'Neither a borrower nor a lender be, For loan oft loses both itself and friend.' This extract is taken form Shakespeare's play ____.**
a) Macbeth
b) King Lear
c) Measure for Measure
d) Hamlet **ans. D**

**Solution:** Shakespeare (1564-1616) এর একটি বিখ্যাত ট্রাজেডি নাটক 'Hamlet' (1602) থেকে উক্তিটি নেওয়া হয়েছে। Polonius, Laertes কে উপদেশ দিচ্ছেন।

**59. Who composed the elegiac poem 'Thyrsis'?**
a) Thomas Gray
b) Matthew Arnold
c) John Milton
d) P. B. Shelley **ans. B**

**Solution:** Matthew Arnold ছিলেন Victorian যুগের অন্যতম একজন শ্রেষ্ঠ Poet, Critic. ক্লাফের মৃত্যুতে রচিত তাঁর Elegy হলো 'Thyrsis'. উল্লেখ্য, তাঁর সাহিত্য সমালোচনামূলক বিখ্যাত গ্রন্থ হলো: The study of poetry, The Scholar Gipsy, Dover Beach, Thyrsis.

**60. Who is the writer of the famous essay 'Tradition and the Individual Talent'?**
a) George Orwell
b) Aldous Leonard Huxley
c) Francis bacon
d) T. S. Eliot **ans. D**

Recent Publication

**Solution:** T. S. Eliot এর একটি বিখ্যাত সমালোচনামূলক গ্রন্থ হলো 'Tradition and the Individual Talent'. তাঁর রচিত সাহিত্যকর্মগুলো হলোঃ The Waste Land, Purock and other observations, Murder in the Cathedral, The Family Reunion, The cocktail party, The elder statesman, The Rock ইত্যাদি।

***61.*** **'Our sweetest songs are those that tell of saddest thought.' – This oft-quoted line occurs in Shelley's notable poem ____.**

a) To a Skylark b) Ode to the West Wind
c) Adonais d) The Cloud ***ans.* A**

**Solution:** P.B Shelley হলেন Romantic যুগের অন্যতম একজন শ্রেষ্ঠ রোমান্টিক কবি। তাঁর কিছু Quotation হলোঃ If winter comes, can spring be far behind? (শীত যদি আসে, বসন্ত কি আর দূরে থাকে?) (Ode to the west wind); 'Our Sweetest songs are those that tell of saddest thought. ('To a Skylark'); 'We look before and after, And pine for what is not'. 'Poets are the unacknowledged legislators of the world' (A Defense of Poetry world).

***62.*** **Who authored the futuristic novel 'Brave New World'?** www.prebd.com

a) E. M. Forster b) Aldous Leonard Huxley
c) Virginia Woolf d) Graham Greene ***ans.* B**

**Solution:** 'Brave New World' হলো একটি Science fiction যা Aldous Leonard Huxley কর্তৃক রচিত। তাঁর রচিত অন্যান্য সাহিত্যকর্মগুলো হলোঃ Island, Point Counter Point, The Perennial Philosophy, The Devils of Loudun, the Doors of Perception.

***63.*** **'Good fences make good neighbors'. – The line was written by -**

a) Robert Graves b) Robert Frost
c) Carl Sandburg d) Ezra Pound ***ans.* B**

**Solution:** 'Good fences make good neighbors' লাইনটি লিখেছেন Robert Frost. এটি তাঁর বিখ্যাত কবিতা Mending Wall হতে নেয়া। এটি তাঁর collection work North Boston (1914) অন্তর্ভুক্ত হয়ে প্রকাশিত হয়। এটি blank verse এ লেখা। তাঁর উল্লেখযোগ্য কিছু কবিতা হলোঃ Road not Taken, Mending Wall, Stopping by Woods on a Snowy Evening, Christmas Trees, A boy's Will, North of Boston, Nothing Gold Can Stay, After Apple-picking, Home Burial, A tree at My Window.

***64.*** **'Cowards die many times before their deaths: The valiant never taste of death but once'. In which play of Shakespeare do you find this quote?**

a) Julius Caesar b) Romeo and Juliet
c) The Tempest d) Twelfth Night ***ans.* A**

**Solution:** W. Shakespeare লেখা কিছু Quotation হলোঃ

- Cowards die many times before their death.
- To be or not to be that is the question.
- Brevity is the soul of wit.
- All the perfumes of Arabia will not sweeten this.

***65.*** **'Knowledge comes, but wisdom lingers.' This quote is extracted from Tennyson's poem titled ____.**

a) Morte d' Arthur b) The Lotos-Eaters
c) Tithonus d) Locksley Hall ***ans.* D**

**Solution:** উক্তিটি Lord Alfred Tennyson এর Locksley Hall হতে উদ্বৃত। কবিতাটি হচ্ছে একটি dramatic monologue. Lord Alfred Tennyson হলেন Victorian যুগের Representative poet. তিনি Poet Laureate ও নির্বাচিত হয়েছিলেন। তাঁর উল্লেখযোগ্য কবিতাগুলো হলোঃ In Memoriam, Oenone, Ulysses, Lotos Eaters, Locksley Hall, Tears Idle Tears, Tithonus, The Two Voices, The Lady of Shalott, Vision of Sin, Morte D'Arthur etc.

***66.*** **The tragedy 'Samson Agonistes' was penned by ____.**

a) Christopher Marlowe b) Henrick Ibsen
c) John Milton d) Arthur Miller ***ans.* C**

**Solution:** 'Samson Agonistes' রচনা করেছেন John Milton. ১৬৭১ সালে এই Poetic Drama টি প্রকাশিত হয়। এটিকে বলা হয় 'greatest English Drama' based on Greek Model. এটি closet tragedy হিসেবে পরিচিত। তার উল্লেখযোগ্য রচনা হলোঃ Paradise Lost, Paradise Regained, Of Education, Lycidas etc.

***67.*** **Who is the playwright of the absurd drama 'Waiting for Godot'?**

a) Jean Genet b) Samuel Beckett
c) Harold Pinter d) Tom Stoppard ***ans.* B**

**Solution:** ১৯৬৯ সালের নোবেল জয়ী, সাহিত্যিক Samuel Barclay Beckett একজন আলোচিত আইরিশ নাট্যকার, কবি এবং মঞ্চ পরিচালক। তিনি বেশিরভাগ সময়ই প্যারিসে কাটিয়েছেন। দ্বিতীয় বিশ্ব যুদ্ধের পর তাঁর রচিত নাটক Waiting for Godot অত্যন্ত আলোচিত এবং জনপ্রিয় একটি নাটক। নাটকটির প্রথম লাইন Nothing to be done অত্যন্ত জনপ্রিয়।

Recent Publication

**68. 'It's strange – but true; for truth is always strange; Stranger than fiction.' This quote is taken from a poem of ____.**

a) Mark Twain b) Robert Herrick
c) Lord Byron d) Franz Kafka ***ans.* C**

***Solution:*** Lord Byron ছিলেন একজন ব্রিটিশ কবি এবং রোম্যান্টিক আন্দোলনের অন্যতম মূখ্য ব্যক্তিত্ব। তাঁর রচিত Quotations গুলো হলো:

- Man's Love is of man's a thing apart, Tis woman's whole existence.
- I love not man the less, but Nature more.
- Man's conscience is the oracle of god.
- Revenge is sweet specially to woman.
- Fame is the thirst of youth.
- Always laugh when you can. It is cheap medicine.
- In solitude, where we are least alone.
- I awoke one morning and found myself famous.
- Friendship is Love without his wings!
- Adversity is the first path to truth.
- Fools are my theme, let satire be my song.

**69. Who wrote the novella 'Heart of Darkness'?** www.prebd.com

a) Joseph Conrad b) Doris Lessing
c) John Osborne d) Thomas Hardy***ans.* A**

***Solution:*** Joseph Conrad (১৮৫৭ থেকে ১৯২৪) এর সাহিত্য কর্মগুলো হলোঃ Lord Jim, Nostromo, The Rescue, The Arrow of Gold, The Rover ইত্যাদি।

**70. Who was the writer of the autobiographical as well as political essay 'Shooting an Elephant'?**

a) Francis Bacon b) George Orwell
c) Joseph Addison d) Charles Lamb***ans.* B**

***Solution:*** George Orwell ছিলেন একজন ঔপন্যাসিক ও সাংবাদিক। তিনি ছিলেন ব্রিটিশ ভারতের একজন Police Officer. তাঁর বিখ্যাত একটি উপন্যাস হলো 'Animal Farm'. তাঁর বিখ্যাত একটি Essay হলো Shooting an Elephant.

**71. কোন মুসলিম চিন্তাবিদ প্রথম 'দ্বি-জাতি তত্ত্ব' সম্পর্কে স্পষ্ট ধারণা দেন?**

a) আল্লামা ইকবাল b) সৈয়দ আহমদ খান
c) মোহাম্মদ আলী জিন্নাহ d) মওলানা আকরম খাঁ***ans.* A**

**72. কোন বছর পাকিস্তান সরকার বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়?**

a) ১৯৫২ b) ১৯৫৪
c) ১৯৫৬ d) ১৯৬৯ ***ans.* B**

***Solution:*** ৯ মে ১৯৫৪ সালে পাকিস্তানের গণপরিষদের অধিবেশনে বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষার স্বীকৃতি দেয়া হয়। বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা সাংবিধানিক স্বীকৃতি দেয়া হয় তারও দু'বছর পর ১৯৫৬ সালে।

**73. 'তমদ্দুন মজলিস' - এর নেতা আবুল কাশেম ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিষয়ের শিক্ষক ছিলেন?**

a) রসায়ন বিজ্ঞান b) গণিত
c) ইতিহাস d) পদার্থ বিজ্ঞান ***ans.* D**

***Solution:*** ১৯৪৭ সালের ১৫ই সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক আবুল কাশেমের নেতৃত্বে ভাষা আন্দোলনের প্রথম সংগঠন 'তমুদ্দুন মজলিস' গঠিত হয়। 'তমুদ্দুন মজলিশ' ভাষা আন্দোলনের প্রথম সংগঠন হিসেবে পরিচিত।

**74. স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠান 'জল্লাদের দরবার' এর রচয়িতা কে ছিলেন?**

a) কল্যান মিত্র b) রাজু আহমেদ
c) এম আর আকতার মুকুল d) নারায়ণ ঘোষ (মিতা)***ans.***

***Solution:*** স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের জনপ্রিয় অনুষ্ঠান 'জল্লাদের দরবার'-এর রচয়িতা কল্যাণ মিত্র ছিলেন। কল্যাণ মিত্র অনুষ্ঠানটি পরিচালনা করতেন এবং এতে জেনারেল ইয়াহিয়া খানকে "কেল্লা ফতে খান" হিসেবে ব্যঙ্গাত্মকভাবে চিত্রিত করা হতো। এই অনুষ্ঠানে ইয়াহিয়া খানের অমানবিক ও পাশবিক আচরণকে ব্যঙ্গ করে তুলে ধরা হতো, যার ফলে এটি মুক্তিকামী মানুষের মধ্যে অত্যন্ত জনপ্রিয়তা লাভ করে।

**75. কোন তারিখে আসাদুজ্জামান আসাদ পুলিশের গুলিতে শহিদ হন?**

a) ১৮ জানুয়ারি ১৯৬৯
b) ২০ জানুয়ারি ১৯৬৯
c) ২২ জানুয়ারি ১৯৬৯
d) ২৪ জানুয়ারি ১৯৬৯ ***ans.* B**

***Solution:*** **২০ জানুয়ারি ১৯৬৯ তারিখে আসাদুজ্জামান আসাদ পুলিশের গুলিতে শহিদ হন।** উনসত্তরের গণঅভ্যুত্থানের আন্দোলনে আসাদুজ্জামান শহীদ হয়েছিলেন। উল্লেখ্য, 'ডাকসু' ও ছাত্র সংগ্রাম পরিষদের যৌথ উদ্যোগে পূর্ব পাকিস্তানের ব্যাপক গণ-আন্দোলন গড়ে উঠে। ডাকসু-এর আহ্বানে ১৪ জানুয়ারি সমগ্র পাকিস্তানে হরতাল পালিত হয়। ১৮ জনুয়ারি পুলিশি নির্যাতনের প্রতিবাদে ছাত্র সংগ্রাম পরিষদ ধর্মঘট পালন করে। ধর্মঘট চলাকালীন পুলিশের সাথে ছাত্রদের ব্যাপক সংঘর্ষ হয়। ২০ জানুয়ারি নির্যাতনের প্রতিবাদে ছাত্ররা পূর্ব পাকিস্তানে হরতাল পালন করে। হরতাল পালনকালে ঢাকা মেডিকেল কলেজের সামনে ছাত্রনেতা আসাদুজ্জামান পুলিশের গুলিতে নিহত হন। আসাদের হত্যার প্রতিবাদে ২২, ২৩ ও ২৪ তারিখে ব্যাপক কর্মসূচি ঘোষিত হয়। ২৪ তারিখে সারা দেশে হরতাল চলাকালে সর্বস্তরের মানুষের ব্যাপক ঢল নামে। মানুষের অংশগ্রহণে আন্দোলন যেন গণ-অভ্যুত্থানে রূপ নেয়।

**76. 'ঢাকা প্রকাশ' সাপ্তাহিক পত্রিকাটির প্রথম সম্পাদক কে?**

a) কৃষ্ণচন্দ্র মজুমদার b) সিকান্দর আবু জাফর
c) রামানন্দ চট্টোপাধ্যায় d) শামসুর রাহমান ***ans.* A**

Recent Publication

**Solution:** 'ঢাকা প্রকাশ' পত্রিকাটির সম্পাদক ছিলেন 'কৃষ্ণচন্দ্র মজুমদার'। পত্রিকাটি ১৮৬১ সালের ৭ মার্চ বাবুবাজারের 'বাঙালা যন্ত্র' থেকে প্রথম প্রকাশিত হয়।

**77. সেরিকালচার বলতে বোঝায়-**

a) তুলা চাষ b) নীল চাষ

c) রেশম পোকা চাষ d) তামাক চাষ **ans. C**

**Solution:** রেশম চাষ করাকে সেরিকালচার বলা হয়। উল্লেখ্য,

| | |
|---|---|
| মৌমাছি পালন | এপিকালচার |
| মৎস্য চাষ | পিসিকালচার |
| পাখি পালন | এভিকালচার |
| চিংড়ি চাষ | প্রণকালচার |
| উদ্যান পালন | হর্টিকালচার |
| সামুদ্রিক মৎস্য | মেরিকালচার |

**78. ছায়া প্রেমী (Shadow loving) অর্থনৈতিক ফসল কোনটি?** www.prebd.com

a) আখ b) তামাক

c) ধান d) চা **ans. D**

**79. বিগত ৫০ বছরে বাংলাদেশে কোন ফসলের চাষ তুলনামুলকভাবে সবচেয়ে বেশি বৃদ্ধি পেয়েছে?**

a) ভুট্টা b) পাট

c) ধান d) গোল আলু **ans. C**

**80. ২০২২ সালের জনশুমারি অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা-**

a) প্রায় উনিশ কোটি b) প্রায় সাড়ে ষোলো কোটি

c) প্রায় আঠারো কোটি d) প্রায় সতেরো কোটি **ans. D**

**Solution:** জনশুমারি ২০২২ অনুযায়ী বাংলাদেশের মোট জনসংখ্যা ১৬ কোটি ৯৮ লাখ ২৮ হাজার ৯১১ জন বা প্রায় ১৭ কোটি। জনশুমারী ২০২২ অনুযায়ী:

| | |
|---|---|
| বার্ষিক জনসংখ্যা বৃদ্ধির হার | ১.১২% |
| নারী : পুরুষের অনুপাত | ১০০ : ৯৮.০৭ |
| জনসংখ্যার ঘনত্ব | ১১১৯ জন |
| জনসংখ্যায় বাংলাদেশের অবস্থান | বিশ্বে: ৮ম; ঘনত্বে বিশ্বে: ১০ম; এশিয়ায়: ৫ম; মুসলিম বিশ্বে: ৪র্থ সার্কভুক্ত দেশে: ৩য় |

**81. ক্ষুদ্রঋণ কার্যক্রম বাংলাদেশের গ্রামীণ অর্থনীতিতে প্রধানত-**

a) দারিদ্র হ্রাস করে b) ভিক্ষাবৃত্তি হ্রাস করে

c) নারীর অংশগ্রহণ বৃদ্ধি করে

d) নারীর অংশগ্রহণ হ্রাস করে **ans. A**

**82. বর্তমানে পৃথিবীর কোন দেশে বেশি প্রবাসী বাংলাদেশি কর্মরত রয়েছে?**

a) সৌদি আরব b) মালয়েশিয়া

c) সংযুক্ত আরব আমিরাত d) ইতালি **ans. A**

**83. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোর ক্ষেত্রে মূল্যস্ফীতির সহনশীল মাত্রা হলো -**

a) ০৬ - ০৮ শতাংশ b) ০১ - ০৫ শতাংশ

c) ০৯ - ১২ শতাংশ d) ১৩ - ১৫ শতাংশ **ans. A**

**84. বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ থেকে চুরি করা অর্থ পাচার করা হয়-**

a) যুক্তরাষ্ট্র ও ইন্দোনেশিয়ায় b) যুক্তরাষ্ট্র ও ভারতে

c) যুক্তরাষ্ট্র ও ফিলিপাইনে d) শ্রীলংকা ও ফিভিলপাইনে **ans. D**

**85. অর্থ পাচারের কারণ নয় কোনটি?**

a) অবৈধভাবে উপার্জিত অর্থ গোপন করা

b) কর ফাঁকি না দেয়া

c) কোম্পানির মুনাফা লুকানো

d) দেশে বিনিয়োগ পরিস্থিতি না থাকা **ans. B**

**86. বাংলাদেশ কোন দুটি দেশ হতে সিংহভাগ সয়াবিন তেল আমদানি করে?**

a) মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া b) ভারত ও চীন

c) জার্মানি ও ভিয়েতনাম d) আর্জেন্টিনা ও ব্রাজিল **ans. D**

**87. বিশ্বব্যাংকের মতে বাংলাদেশের মূল্যস্ফীতি বাড়ার কারণ নয় কোনটি?**

a) বৈদেশিক মুদ্রা বৃদ্ধি পাওয়া

b) অভ্যন্তরীণ জ্বালানীর মূল্যবৃদ্ধি

c) দুর্বল মুদ্রানীতি

d) টাকার অবমূল্যায়ন **ans. A**

**88. বাংলাদেশের বৃহত্তম সার কারখানার নাম-**

a) ইউরিয়া ফার্টিলাইজার ফ্যাক্টরি লিমিটেড

b) ন্যাচারাল গ্যাস ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড

c) পলাশ ইউরিয়া ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড

d) যমুনা ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড **ans. C**

**Solution:** বর্তমানে দেশের সবচেয়ে বড় সার কারখানার নাম ঘোড়াশাল পলাশ ইউরিয়া সার কারখানা। দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ সার কারখানা এটি। এটি ১২ নভেম্বর, ২০২৩ সালে উদ্বোধন করা হয়। এই সার কারখানা থেকে বছরে প্রায় ১০ লাখ মেট্রিক টন ইউরিয়া সার উৎপাদন হবে।

**89. কোন অনুচ্ছেদ মূলে বাংলাদেশর সংবিধানের মৌলিক বিধানাবলি পরিবর্তনযোগ্য নয়?**

a) অনুচ্ছেদ ৭ b) অনুচ্ছেদ ৮

c) অনুচ্ছেদ ৭(ক) d) অনুচ্ছেদ ৭(খ) **ans. D**

